**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 27 AUGUST 2025** **TIME: 7:35 AM**

---

রাজ্যের প্রতিটি সরকারী হাসপাতালে এখন থেকে বিনামূল্যে একশো শতাংশ ওষুধ পাওয়া যাবে বলে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংহাল জানিয়েছেন । দিশপুর দিসপুর লোকসেবা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী শ্রী সিংহল জানান যে- ৯৯ শতাংশ হাসপাতালে ইতিমধ্যে বিনামূল্যে ওষুধ পাওয়া যাচ্ছে । তিনি আরো বলেন- জনসাধারণ এসব হাসপাতালে বিনামূল্যে ওষুধ না পেলে ৯৮৬৪৫-৪১৪৩০ নম্বরে ওয়াট্স এ্যাপে অভিযোগ জমা করতে পারবেন । রাজ্যের চার হাজার ৮৭৩ টি আয়ুষ্মান আরোগ্য মন্দিরে ৩০ রকমের অত্যাবশ্যকীয় ওষুধ মজুত রাখা হবে বলেও স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন । এক হাজার ১৮ টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১২৫ রকমের অত্যাবশ্যকীয় ওষুধ পাওয়া যাবে বলে তিনি জানান । এছাড়া মহকুমা, জেলা এবং সদর হাসপাতাল কেন্দ্রগুলিতেও অত্যাবশ্যকীয় ওষুধ মজুত রাখা হবে বলে মন্ত্রী জানিয়েছেন । মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে ৩৫২ রকমের অত্যাবশ্যকীয় ওষুধ এবং ৬৯ রকমের বিশেষ ওষুধ মজুত রাখা হবে । এছাড়া চিকিৎসকদের শুধুমাত্র জেনেরিক ওষুধই তাদের প্রেসক্রিপশনে লিখার বিষয়টিও নিশ্চিত করা হবে বলে তিনি উল্লেখ করেছেন । প্রতিটি হাসপাতালের ফার্মেসির সামনে ওষুধের তালিকা লাগানো হবে বলেও স্বাস্থ্যমন্ত্রী শ্রী সিংহাল জানিয়েছেন ।

---

রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার আসন্ন বরাক সফরকে কেন্দ্র করে কাছাড় জেলার বিভিন্ন বিভাগের প্রস্তুতি জোড় কদমে চলছে । গতকাল রাজ্যের খাদ্য , গ্রাহক পরিক্রমা ও  বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই বিভিন্ন প্রকল্পের কাজকর্মের অগ্রগতি খতিয়ে দেখেন । এরপর জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক বৈঠকে অংশগ্রহণ করে শ্রী রাই এলিভেটেড রোড , মধুরাঘাটের সেতু , শিলচর হাইলাকান্দি সড়ক চার লেনে উন্নীত করা  গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির অগ্রগতি নিয়ে আলোচনা করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে বলেন । কাজের গুণোগত মানের সঙ্গে কোনধরণের আপোস করা হবে না বলে তিনি জানান । বৈঠকে রাজ্যসভার সাংশদ কণাদ পুরকায়স্থ , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহিরকান্তি সোম , খলিল উদ্দিন মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের খাদ্য , গণবন্টন , গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আগামী ৩১শে আগষ্ট রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার শিলচর সফর এবং শিলচর রাঙ্গীরখাড়িতে নেতাজী সুভাষ চন্দ্র বসু এবং ঘুংঘুর বাইপাস চৌমাথায় শহীদ মঙ্গল পান্ডের মূর্তি উন্মোচনের বিষয়গুলি গতকাল সরেজমিনে খতিয়ে দেখেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রী রাই জানান যে নেতাজী মূর্তি নব নির্মাণ ও স্থাপনা কমিটি এবং স্থানীয় জনগনের সহযোগিতায় নির্মিত নেতাজী সুভাষ চন্দ্র বসুর এই মূর্তি মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আগামী ৩১শে আগষ্ট বিকেলে উন্মোচন করবেন ।  মন্ত্রী শ্রী রাই-এর সঙ্গে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , সাংসদ কনাদ পুরকায়স্থ প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

ডঃ দেবজিৎ চৌধুরী গতকাল গৌহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল সুপার হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন । দায়িত্বভার গ্রহণ করে তিনি বলেন যে জনসাধারণ সহ হাসপাতালের কর্মচারীদের সুবিধার জন্য বিশেষ ফোন নম্বর চালু করার ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই নম্বরে যেকোন অভিযোগ দাখিল করার ব্যবস্থা থাকবে ।

---

হাইলাকান্দি দূর্গা মন্দিরের কমিউনিটি হল নির্মানে দূর্নীতির অভিযোগ ভিত্তিহীন বলে বিজেপির হাইলাকান্দি জেলা সভাপতি কল্যান গোস্বামী দাবী করেছেন । গতকাল সন্ধ্যায় দূর্গা মন্দির প্রাঙ্গনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শ্রী গোস্বামী জানান যে সম্প্রতি দূর্গা মন্দিরের কমি উনিটি হল নির্মানে যে দূর্নীতির অভিযোগ উঠেছে , তা সম্পূর্ন ভিত্তীহীন । দূর্গা মন্দির নির্মানে এক টাকারও অপব্যবহার হয় নি এবং সমস্ত কাজ স্বচ্ছতার সঙ্গেই চলছে । শ্রীগোস্বামী বলেন যে রাজনৈতিক প্রতিপক্ষরা উদ্দেশ্য প্রণোতিতভাবে জনগনের মধ্যে বিভ্রান্তী ছড়ানোর লক্ষ্যে এই অভিযোগ এনেছেন , যা সম্পূর্ন ভুয়ো এবং মিথ্যা ।

---

শ্রীভূমি জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে গতকাল শ্রীভূমি শহরের সারদা ভবনে জেলা ভিত্তিক বি এল ও প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । প্রত্যেক নাগরিককে নিজেদের ভোটাধিকার সর্ম্পকে সচেতন করে তুলতে এই শিবিরের আয়োজন করা হয় । বি এল ও-দের প্রশিক্ষন দেন প্রশিক্ষক জামসের আলী । অনুষ্ঠানে বিধায়ক আবদূর রহিম আহমেদ , প্রদেশ কংগ্রেস কমিটির সাধারন সম্পাদক নাসির খান সহ দলের নেতা-কর্মীরা অংশগ্রহন করেন ।

---

হাইলাকান্দি ক্রিকেট দল জে কে বরুয়া অনুর্ধ-১৯ আন্ত জেলা ক্রিকেট প্রতিযোগীতার ফাইনালে উঠেছে । হাইলাকান্দিতে অনুষ্ঠিত সেমি-ফাইনালের খেলায় গতকাল হাইলাকান্দি দল বরপেটা দলকে তিন উইকেটে পরাজিত করে ফাইনালে উঠে । হাইলাকান্দি দল আগামীকাল গুয়াহাটী দলের বিরুদ্ধে ফাইনাল খেলবে ।

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগিতার কোয়াটার ফাইনাল খেলা আজ থেকে শুরু হচ্ছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের প্রথম কোয়াটার ফাইনালের খেলায় ব্রাইট স্টার ক্লাব রাজনগর ও লোকনাথপুর এফ সি পরস্পরের মুখোমুখি হবে । প্রতিযোগিতার দ্বিতীয় কোয়াটার ফাইনাল খেলায় আগামীকাল এল এইচ স্পোর্টিং নর্থ হাওয়াইথাং এবং টি এইচ বি আর্জানপুর দল পরস্পরের মুখোমুখি হবে ।

---